শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Mobile: 01711-906515, E-mail: aca@bau.edu.bd, Website: https://aca.bau.edu.bd

নং-শা-১/৯২৫/শিক্ষা তারিখ : ১৯-০৮-২০২৬

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি কোর্সে ভর্তির অনলাইন সিস্টেম চালু করা হয়েছে। এখন থেকে ম্যানুয়াল পদ্ধতিকে আবেদন আর গ্রহণ করা হবে না। উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি কর্তৃক ভর্তির জন্য যোগ্য বিবেচিত হওয়ার পর প্রার্থীকে অনলাইনে আবেদন করে ০৩ (তিন) মাসের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তিচ্ছু প্রার্থীর ই-মেইলে আবেদনের লিঙ্ক, পিন ও পাসওয়ার্ড প্রেরণ করা হবে। আবেদনের লিঙ্কে ক্লিক করে পিন ও পাসওয়ার্ড দিয়ে PhD Admission Portal-এ লগইন করার পর যথাযথভাবে আবেদন ফরমটি পূরণ করে সাবমিট করতে হবে এবং আবেদন ফি (১০০০/-) জমা দিতে হবে। এরপর আবেদনটি পর্যায়ক্রমে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, সুপারভাইজার, প্রক্টর, প্রভোস্ট/সুপার, কো-অর্ডিনেটর এবং রেজিস্ট্রার মহোদয় কর্তৃক Approve হবে। রেজিস্ট্রার Approve করার সাথে সাথে ভর্তি ফি, বেঞ্চ ফি ও হল/ডরমিটরি ফি জমা দেওয়ার জন্য ভর্তিচ্ছু প্রার্থী ই-মেইল পাবেন। প্রার্থীকে ভর্তি ফি, বেঞ্চ ফি ও হল/ডরমিটরি ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হলে PhD Admission Portal থেকে Admission Confirmation Letter ডাউনলোড করা যাবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বা/-
রেজিস্ট্রার

মেমো নং-শা-১/৯২৫/শিক্ষা তারিখ : ১৯-০৮-২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. সকল অনুষদীয় ডিন।
২. কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি।
৩. ছাত্র বিষয়ক উপদেষ্টা।
৪. কোষাধ্যক্ষ।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক।
৬. গ্রন্থাগারিক।
৭. পরিচালক, ইনস্টিটিউট অভ্ এগ্রিবিজনেস এন্ড ডেভেলোপমেন্ট স্টাডিজ/ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস)/হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউট/ইনস্টিটিউট অভ বায়োটেকনোলজি/ইনস্টিটিউট অভ এনভায়রণমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট।
৮. পরিচালক, আইসিটি সেল।
৯. সকল বিভাগীয় প্রধান। Email প্রাপ্তির পর Approval প্রদান এবং বিভাগের সকল শিক্ষককে অবহিতকরণের অনুরোধসহ।
১০. সকল হলের প্রভোষ্ট। Email প্রাপ্তির পর Approval প্রদানের অনুরোধসহ।
১১. সুপার, শহীদ সাদ ইবনে মমতাজ পিএইচডি ডরমেটরি। Email প্রাপ্তির পর Approval প্রদানের অনুরোধসহ।
১২. প্রক্টর। Email প্রাপ্তির পর Approval প্রদানের অনুরোধসহ।
১৩. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা।
১৪. ডেপুটি রেজিস্ট্রার, ভিসি সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১৫. ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-১। রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষা বিষয়ক শাখা ময়মনসিংহ

১৯-০৮-২০২৬
ড. ফারুক আহম্মদ
এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)

CamScanner